**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**19 FEBRUARY 2025** **7:45—7:55 PM IST**

================================================================================

১) আসাম বিধানসভায় শাসক-বিরোধী বিধায়কদের উত্থাপন করা বিভিন্ন দাবী সম্পর্কে আলোচনা করতে রাজ্যসরকার প্রস্তুত বলে মূখ্যমন্ত্রীর ঘোষনা ।

২) জ্ঞানেশ কুমারের আজ নতুন দিল্লীর নির্বাচন ভবনে নতুন মূখ্য নির্বাচন কমিশনার হিসেবে কার্যভার গ্রহণ ।

৩) উমরাংশুর তিন কিলো কয়লা খনি থেকে আজ ৫ জন শ্রমিকের মৃতদেহ উদ্ধার ।

৪) হাইলাকান্দি জেলা প্রশাসনের জেলায় আধার কার্ড ভেরিফিকেশনের সময় বেশ কিছু ভূঁয়ো জন্মের প্রমাণপত্র নজরে আসার পর এবিষয়ে উচ্চ পর্যায়ের তদন্তের ঘোষণা ।

আসাম বিধানসভার বাজেট অধিবেশন একদিন বিরতির পর আজ থেকে দিসপুর বিধানসভা ভবনে আরম্ভ হয়েছে ।আজ বিধানসভার দ্বিতীয় দিনের কার্যসূচী শুরু হওয়ার পর বিরোধি দলের বেশ কয়েকজন সদস্য কয়লা সিন্ডিকেট , অসম চুক্তির ৬ নম্বর ধারা রূপায়ন , ডিটেনশন ক্যাম্প ইত্যাদি বিভিন্ন প্রসঙ্গ উত্থাপন করার প্রয়াস করে ।অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী সদস্যদের দাবী অগ্রাহ্য করেন। প্রশ্নোত্তর কালেও একই বিষয় নিয়ে বিরোধিরা সভা স্থগিত প্রস্তাব উত্থাপনের দাবী জানায় ।অধ্যক্ষ শ্রী দৈমারী সভার কাজকর্ম পরিচালনা নিয়মের অধীনে এই বিষয়গুলো আলোচনা করা যাবে বলে বিরোধি সদস্যদের আশ্বস্ত করার প্রয়াস করলেও সভায় হইহট্টগোল পরিস্থিতি অব্যাহত থাকে ।এদিকে শাসক দলের সদস্যরা অসম লোকসেবা আয়োগের নিযুক্তি কেলেঙ্কারী সম্পর্কে অবসরপ্রাপ্ত বিচারপতি বিপ্লব শর্মা কমিটির প্রতিবেদন নিয়ে আলোচনা করার দাবী জানায় ।এ ধরণের হই হট্টগোল পরিস্থিতির জন্য অধ্যক্ষ শ্রী দৈমারী তিনবার সভার কাজকর্ম স্থগিত রাখেন ।পরে পুনরায় সভার কাজকর্ম শুরু হলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বিধায়কদের উত্থাপন করা বিষয়গুলো সম্পর্কে আলোচনা করতে রাজ্য সরকার প্রস্তুত বলে জানান এবং উপাধ্যক্ষ নুমল মমিনকে আলোচনার দিন নির্ধারণ করার অনুরোধ জানান ।

---

রাজ্য সরকার ডিমাসা , মিসিং , রাভা , কার্বি ,তিওয়া এবং দেউরী ভাষাকে ঐসব ভাষা জনগোষ্ঠির লোকেদের বসতিপ্রধান অঞ্চল সমুহে প্রাথমিক শিক্ষার মাধ্যম হিসেবে গ্রহণ করার কথা ঘোষণা করেছে ।এই সিদ্ধান্ত রাজ্যের স্থানীয় ভাষা সংরক্ষণের ক্ষেত্রে রাজ্য সরকারের এক

উল্লেখযোগ্য পদক্ষেপ । রাজ্যের বিদ্যালয় শিক্ষা বিভাগ আজ এই বিষয়ে বিজ্ঞপ্তি জারি করেছে ।বিদ্যালয় শিক্ষা বিভাগের অধীনে নিম্ন প্রাথমিক পর্যায়ের প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত এই ভাষাগুলো মাধ্যম হিসেবে প্রবর্তন করার সুবিধা  প্রদানের জন্য ২০২৫-২৬ শিক্ষাবর্ষে বিদ্যালয়গুলো বাছাই করা হচ্ছে ।

---

দেশী বিদেশী বিনিয়োগকারীদের অংশগ্রহণে আগামী ২৫ ও ২৬ ফেব্রুয়ারী গৌহাটীতে অনুষ্ঠেয় উত্তর-পূর্বাঞ্চলের সর্ববৃহৎ বিনিয়োগ ও পরিকাঠামো সম্মেলন এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণের জন্য রাজ্যসরকারের জোর প্রস্তুতি চলছে । এই সম্মেলনের পরিপ্রেক্ষিতে পর্যটন মন্ত্রী রঞ্জিত কুমার দাস আজ গৌহাটীর ৩৭ টি হোটেলের পরিচালন সঞ্চালক ও প্রবন্ধকদের সঙ্গে গুরুত্বপূর্ণ আলোচনায় মিলিত হন । মন্ত্রী শ্রী দাস এই শীর্ষ সম্মেলনকে সফল করতে তাঁদের সহযোগীতা কামনা করেন । এই আলোচনায় আসাম পর্যটন উন্নয়ন নিগম লিমিটেডের অধ্যক্ষ ঋতুপর্ণ বরুয়া ,উপাধ্যক্ষ দিলীপ কুমার দাস সহ বিভাগটির বেশ কয়েকজন আধিকারিক অংশগ্রহণ করেন ।

---

জ্ঞানেশ কুমার আজ নতুন দিল্লীর নির্বাচন ভবনে নতুন মূখ্য নির্বাচন কমিশনার হিসেবে কার্যভার গ্রহণ করেন । শ্রী কুমার গতকাল  কার্যকাল সমাপ্ত হওয়া রাজীব কুমারের স্থলাভিষিক্ত হয়েছেন ।
মূখ্য নির্বাচন কমিশনার হিসেবে কার্যভার গ্রহণ করার পর জনসাধারণের উদ্দেশ্যে এক বার্তায় শ্রী কুমার বলেন যে রাষ্ট্র নির্মাণের প্রথম খোঁজই হলো

ভোটদান এবং ১৮ বছর সম্পূর্ন করা প্রত্যেক নাগরিকের ভোটদান করা উচিত । তিনি বলেন যে দেশের সংবিধান ,নির্বাচনী আইন , নিয়ম ও নির্দেশ অনুযায়ী নির্বাচন কমিশন সর্বদা ভোটদাতাদের সঙ্গে রয়েছে এবং আগামীতেও থাকবে ।
এর আগে শ্রী কুমার গত বছরের ১৫ মার্চ থেকে নির্বাচন কমিশনার হিসেবে কার্যনির্বাহ করেছেন । নির্বাচন কমিশনার হিসেবে তাঁর কার্যকালে অষ্টাদশ লোকসভা এবং জম্মু-কাশ্মীর ,হরিয়ানা ,মহারাষ্ট্র ,ঝারখন্ড ও দিল্লী বিধানসভার নির্বাচন সম্পন্ন হয় ।

---

উমরাংশুর তিন কিলো কয়লা খনিতে গত মাসে সংঘটিত  কয়লা খনি দূর্ঘটনার প্রায় ৪৩ দিন পর আজ জাতীয় দূর্যোগ ব্যাবস্থাপনা বাহিনী এবং সেনাবাহিনীর উদ্ধারকারী দল আরো ৫ জন শ্রমিকের মৃতদেহ উদ্ধার করেছে । তবে মৃতদেহগুলি বিকৃত হয়ে যাওয়ায় শণাক্ত করা সম্ভব হয়নি । অত্যাধুনিক পরীক্ষার দ্বারা মৃতদেহ শণাক্ত করা যাবে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন । উল্লেখ্য গত ৬ জানুয়ারীতে রেট হোল কয়লা খনির মধ্যে ৯ জন খনি শ্রমিক আবদ্ধ থাকা ঘটনাস্থল থেকে এপর্যন্ত সবকটি মৃতদেহ উদ্ধার করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসন জেলায় আধার কার্ড ভেরিফিকেশনের সময় বেশ কিছু ভূয়ো জন্মের প্রমাণপত্র নজরে আসার পর এই বিষয়ে উচ্চপর্যায়ের তদন্ত ঘোষণা করেছে ।এই বিষয়ে জেলার যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক এবং এস কে রায় সিভিল হাসপাতালের সুপার পৃথক পৃথক ভাবে বেশ কয়েকজন লোকের বিরুদ্ধে মামলা দায়ের করেছেন । এই

ভূয়ো জন্মের প্রমাণপত্রগুলো হাইলাকান্দি জেলার বেশ কয়েকটি স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসকদের সই জাল করে প্রস্তুত করা হয়েছে । উদ্বেগের বিষয় হচ্ছে এই প্রমাণপত্রগুলো সরকারী সি আর এস ( সিটিজেন রেজিষ্টার সিস্টেম ) পোর্টেলে পাওয়া যাচ্ছে ।এই বিষয়ে জেলার অতিরিক্ত আয়ুক্ত ত্রিদিব রায় সমগ্র হাইলাকান্দি জেলায় একটি বড় চক্র সক্রিয় থাকার সম্ভাবনার কথা উল্লেখ করে বলেন -------------

**বাইট ৩১ সেকেন্ড**

---

শিলচর ক্যান্সার সেন্টারের অত্যাধুনিক পেট-সিটি সুবিধার আজ উদ্বোধন করা হয়েছে । অসম ক্যান্সার কেয়ার ফাউন্ডেশনের চিফ অপারেটিং অফিসার ডক্টর জয় প্রকাশ প্রসাদ এবং শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের অধ্যক্ষ ডক্টর ভাস্কর গুপ্ত এই অত্যাধুনিক প্রযুক্তি প্রতিষ্ঠানের উদ্বোধন করেন । সভায় বিশিষ্ট চিকিৎসক ইন্দ্রনীল সিনহা বলেন যে পেট-সিটি প্রযুক্তির সাহায্যে ক্যান্সার শনাক্তকরন , ক্যান্সারের পর্য্যায় নির্ধারন এবং চিকিৎসার অগ্রগতিতে সাহায্য হবে । অধ্যক্ষ ডাঃ ভাস্কর গুপ্ত বলেন যে এই প্রকল্প বাস্তবায়নে বরাক উপত্যকার স্বাস্থ্য সেবার মানোন্নয়নে এক নতুন দিগন্তের সূচনা হবে । উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসনের পক্ষে সহকারী আয়ুক্ত জোনালী দেবী , বিজেপির জেলা সভাপতি রূপম সাহা , প্রাক্তন অধ্যক্ষ ডাঃ সুজিত নন্দি পুরকায়স্থ প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

কাছাড় জেলা সমগ্র শিক্ষা অভিযানের উদ্যোগে জেলার শিক্ষা ক্ষেত্রে অনবদ্য অবদান রাখা প্রতিষ্ঠান ও ব্যাক্তিদের আজ শিলচর গুরুচরন

কলেজ প্রেক্ষাগৃহে সংবর্ধনা জানানো হয়েছে । অনুস্টানে বিদ্যাঞ্জলী দ্বিতীয় পর্বে বিশেষ অবদানের জন্য বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই , বিধায়ক মিহির কান্তি সোম ও প্রাণ কিশোর দেবকে সম্মাননা প্রদান করা হয়েছে । মন্ত্রী কৌশিক রাই-এর হয়ে এই সম্মাননা সঞ্জয় ঠাকুর এবং মিহির কান্তি সোমের হয়ে সহকারী আয়ুক্ত বহ্নিকা চেতিয়া গ্রহন করেন ।

---

শ্রীভুমি কৃষি বিজ্ঞান কেন্দ্রের ১৪তম বৈজ্ঞানিক উপদেষ্টা কমিটির সম্প্রতি অনুষ্ঠিত এক সভায় অংশগ্রহণ করে রাজ্যসভার সাংসদ মিশন রঞ্জন দাস দ্বি-ফসল চাষের উপর গুরুত্ব দেন এবং কৃষকদের আয় বৃদ্ধির কৌশল ,শ্রীভুমির লঙ্গাই বেগুন সংরক্ষন ও ফসল বৃদ্ধির উপর গুরত্ব আরোপ করেছেন । এছাড়া সভায় আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের সঞ্চালক ডক্টর মনোরঞ্জন নেওগ , বিজ্ঞানী ডক্টর এ এস এন জামান , ডক্টর পি চৌধুরী প্রমূখ বক্তব্য রাখেন ।

---

জাতীয় কৃতজ্ঞতা ও সচেতনতা অভিযানের অধীনে আজ শ্রীভূমি শহরের বেবিল্যান্ড হাইস্কুলে একটি সচেতনতা সভা অনুষ্টিত হয়েছে । সভায় ছাত্র-ছাত্রীদের মধ্যে শৃংখলা , দেশপ্রেম , আত্মবিশ্বাস ও একাগ্রতা বাড়ানোর বিষয় নিয়ে জেলা সৈনিক কল্যান আধিকারিক আলোচনা করেন । সচেতনতা সভায় বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা সহ ছাত্র-ছাত্রীরা অংশগ্রহন করেন ।

---

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন জেলায় ডিসেম্বর মাসের গণ বন্টনের আটা বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে খাদ্য সুরক্ষার প্রায়োরিটি হাউস হোল্ড কার্ড প্রতি এক কিলো ৫শ ৩৩ গ্রাম আটা বন্টন করা হবে । আগামী ২৫শে ফেব্রুয়ারীর মধ্যে এই আটা বন্টন করার নির্দেশ দেওয়া হয়েছে ।

---

আসাম প্রিমিয়ার ক্লাব কাপ প্রতিযোগীতার দক্ষিনাঞ্চল জোনের ম্যাচগুলি সমান্তরালভাবে হাইলাকান্দি ও ডিফুতে অনুষ্টিত হচ্ছে । হাইলাকান্দির নেতাজী সুভাস চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের খেলায় করিমগঞ্জ ইউথ স্কোয়ার ২০৬ রানের বিশাল ব্যবধানে কার্বি আংলয়ের লো বাজেট ক্রিকেট ক্লাবকে পরাজিত করেছে । ইয়ুথ স্কোয়ার সর্বাধিক ৬৪ রান করে । প্রতিযোগীতার আগামীকালের খেলায় করিমগঞ্জ ইয়ুথ স্কোয়ার মূখোমূখি হবে লক্ষীপুরের রাইজিং ক্লাবের বিরুদ্ধে ।

---

---